উপদেষ্টা
ডঃ জামিলুর রেজা চৌধুরী
ডঃ মুহাম্মদ ইব্রাহীম
ডঃ সৈয়দ মাহবুবুর রহমান
ডঃ হুমায়ুন আহমেদ
ডঃ ভূঁইয়া ইকবাল

সম্পাদনা উপদেষ্টা
মোঃ আবদুল কাদের

সম্পাদক
এস, এ, বি, এম, বদরুদ্দোজা

নির্বাহী সম্পাদক
আজম মাহমুদ

প্রধান নির্বাহী
ভূঁইয়া ইনাম লেনিন

সহকারী সম্পাদক
মইনউদ্দীন স্বপন
মুঃ তারেকুল মোমেন চৌধুরী
মনিরুল ইসলাম শরীফ

সম্পাদনা সহযোগী
• শেখ এ. সাহিল • শা, সা. • এহসানুল ইসলাম
• বাদল হক • আবদুল হক • আসিফ মাহমুদ
• এইচ এস ফিরোজ • সবিন • ফারুক আহমেদ
• সমর মিত্র • মাসুদুর রহমান • জহির হোসেন
• নীনা ইনাম • রেহানা আখতার

বিদেশ প্রতিনিধি
ডঃ মুহাম্মদ জাফর ইকবাল - আমেরিকা
তানভীর আহমেদ লেলিন - আমেরিকা
ডঃ এস, মাহমুদ - বৃটেন
নির্মল চন্দ্র চৌধুরী - অস্ট্রেলিয়া
মোঃ মোস্তাফিজুর রহমান - পাকিস্তান
হারুনুর রশিদ - জাপান
আবুল কাশেম মিয়া - জাপান
এস, বানার্জী - ভারত
রোজারান স্পুটনিক - ভারত
আঃ কঃ মোঃ শামসুদ্দোহা - সিংগাপুর
এন, এম, জামান - সুইডেন
ইমরুল কায়েস - ফ্রান্স
মোঃ হাফিজুর রহমান - হল্যান্ড
নাছির উদ্দিন পারভেজ - মধ্যপ্রাচ্য

শিল্প নির্দেশনা : আহসান হবীব

প্রচ্ছদ : সিস্টেম

ক্যামেরা : ইয়াসীন বাবুল

কম্পিউটার কম্পোজ :
কমপিউটারলাইন
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫।
ফোন : ৫০৬৪৮৫ ফ্যাক্স : ৮৮০-২ -৮৬৬৭৪৬

মুদ্রণে : ক্যাপিটাল প্রিন্টিং এণ্ড প্যাকেজেস লিঃ
৫০ - ৫১ কোর্ট বাজার, ঢাকা।

উৎপাদন ও বিতরণ ব্যবস্থাপক :
মোস্তফা আনোয়ার স্বপন

প্রকাশক : নাজমা কাদের
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫।
ফোন : ৫০৬৪৮৫, ৮৬৬৭৪৬
ফ্যাক্স : ৮৮০-২-৮৬৬৭৪৬

দাম প্রতি কপি পনের টাকা

গ্রাহক হবার জন্য বার্ষিক (রেজিষ্ট্রি ডাকে) দুইশত টাকা, ষান্মাসিক (রেজিষ্ট্রি ডাকে) একশত দশ টাকা মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।

## সম্পাদকের দফতর থেকে

মাসিক
কমপিউটার জগৎ
এপ্রিল ১৯৯৩

# কমপিউটার জগৎ-এর দ্বিতীয় বর্ষ পূর্তি

কমপিউটার জগৎ তার প্রকাশনার দ্বিতীয় বর্ষ পূর্ণ করলো একটা সুসংবাদের মধ্যে, সারা বিশ্ব থেকে কমপিউটার সার্ভিস শিল্পের কাজ আনার জন্য বাংলাদেশের দক্ষ ও প্রবীণ বিশেষজ্ঞ উদ্যোক্তারা একটি জাতীয় প্রোগ্রামিং কোম্পানি গঠন করেছেন। তাঁরা স্বীকার করেছেন, এ আবহ তৈরীতে কমপিউটার জগৎ অবদান রেখেছে প্রচুর। আমরা আমাদের পাঠকবর্গ, পৃষ্ঠপোষক, লেখক, শুভানুধ্যায়ীসহ তাঁদের কাছে কৃতজ্ঞ একারণে যে সর্বব্যাপী হতাশা ও বিভ্রান্তির মধ্যেও এদেশে তথ্য প্রযুক্তির শিল্পভিত্তি স্থাপনের জন্য আমরা যে ইতিবাচক সংগ্রাম শুরু করে এগিয়ে এনেছিলাম, তা নিষ্ফল হয়নি। রপ্তানীমুখী কমপিউটার সার্ভিস শিল্প গার্মেন্টস শিল্পের মত ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করে যেন স্থায়ী রূপ নিতে পারে সেজন্য সরকার ও রাষ্ট্র, সংস্থা ও উদ্যোক্তাদের কর্মবাদী সম্মিলিত প্রয়াসে আমরা অবদান রাখার অঙ্গীকার করছি।

জনগণের হাতে কমপিউটার চাই কমপিউটার জগতের এই বিস্ময়কর ধ্বনিতে দু'বছর আগে চমকে উঠেছিলেন আমাদের বিদ্বজনমহল। আজ তা বাস্তবে রূপায়িত হবার সম্ভাবনা দেখা দিয়েছে। গত একবছর ধরে আমরা আমাদের বারোটি সংখ্যায় সে ধ্বনির সাথে একথাটি তুলে ধরার চেষ্টা করেছি, কমপিউটার হচ্ছে রাজনীতি, ব্যবস্থাপনা, শিক্ষা, শিল্প, প্রকাশনা, দুর্যোগ মোকাবেলাসহ একবিংশ শতকের রাষ্ট্রীয় ও সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবন গড়ার বাস্তব হাতিয়ার।

দ্বিতীয়বর্ষে বাংলাদেশের রাজনীতিতে তথ্য প্রযুক্তি, সরকারী প্রশাসন ও কারবার ব্যবস্থাপনায় কমপিউটার প্রয়োগ, বিদেশী সাহায্যের ব্যবস্থাপনায় কমপিউটার, আদালতে কমপিউটার ব্যবহার, কমপিউটারভিত্তিক কর্মকাণ্ডের মধ্যে নেটওয়ার্ক গড়ে তোলা সম্পর্কে আমাদের প্রবন্ধ, রিপোর্ট ও তথ্যমূলক গ্রন্থনাগুলি সরকার, সংসদ, প্রশাসন, গবেষক ও প্রায়োগিক মহলে কমপিউটার সম্পর্কে বাস্তব চিন্তার ভিত্তি যুগিয়েছে।

বাংলাদেশে কমপিউটার ব্যবহার ও এর শিক্ষা-প্রশিক্ষণ-চর্চার আগ্রহকে ব্যাপকতর করে তোলার ক্ষেত্রে দ্বিতীয়বর্ষে আমরা আরও অবদান রেখেছি। এবছরই ঢাকা বিশ্ববিদ্যালয়ে কমপিউটার বিজ্ঞান বিভাগ খোলা হয়েছে। নর্থসাউথ ইউনিভার্সিটিতে এবছর চালু হয়েছে কমপিউটার কোর্স। এবৎসর অর্থনৈতিক মন্দার মধ্যেও কমপিউটার বিক্রি দারুনভাবে বেড়েছে। এবৎসর আমরা দেশের প্রথম কমপিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন করে মিশোদের মত প্রতিভাদের বের করে এনেছি। আমাদের আয়োজিত সিডি-রমভিত্তিক কমপিউটার প্রদর্শনী এবার লোকউৎসব ও মেলার রূপ নিয়েছিল। আমরা আবেগরুদ্ধ হয়ে দেখেছি, বস্তির আদুলগা শিশুও কমপিউটারে হাত দিয়ে তাদের শাণিত মেধার প্রকাশ ঘটাচ্ছে। এ ছিল আমাদের প্রাথমিক স্বপ্ন।

বিশ্বজুড়ে কমপিউটার প্রযুক্তির ভাঁজভঙ্গি, আদল ও ভিত্তি দ্রুত বদলে যাচ্ছে। তার পূর্বাভাষ আমরা দিয়েছি পাশ্চাত্যের সেরা সাময়িকীরও আগে। ডিজিট্যাল সিগন্যাল প্রসেসিং, রহস্যজনক ফাজিলজিকের অগ্রগতির খবরের সাথে মার্কিন ও ইসরাইলী বিজ্ঞানীদের নবউদ্যমে জাপানের বিপদাশঙ্কার খবর আমরাই দিয়েছি বহু আগে। তুলে ধরেছি মাল্টিমিডিয়ার বিস্ময়কর জগত। ভার্চুয়াল রিয়েলিটির সাথে পরিচিত করেছি কমপিউটারে আগ্রহী মহলকে। কিন্তু আমরা একমুহূর্তের জন্যও বিস্মৃত হইনি জাতীয় বেদনা। বেকারত্বের অভিশাপ লাঘবের জন্য বারংবার বলেছি ডাটা এন্ট্রি ও প্রোগ্রাম হাউজ গড়ার কথা।

ডেস্কটপে সিডি-রম ব্যবহারের আহবানের কথা বলেছি। বছরের সেরা পণ্য ও সেরা ব্যক্তিত্ব নির্বাচিত করে বাজারের নৈরাজ্য থেকে আমরা ক্রেতাদের দিয়েছি দিশা। বাংলা কীবোর্ড প্রমিতকরণের উপর, কমপিউটারে বাংলা প্রয়োগের উপর আমরা নীতিস্বচ্ছ, জাতীয় সংকল্পের প্রকাশ ঘটিয়েছি স্বাধীনতা ও একুশের আদর্শকে সামনে রেখে। দ্বিতীয় বর্ষেও ইনষ্টিটিউশন-জাতীয় প্রতিষ্ঠানের ভূমিকা নিয়ে কমপিউটার জগৎ তুলে ধরেছে বিদেশ থেকে আগত আমাদের কমপিউটার প্রতিভাদের। বিভিন্ন ইস্যুতে আমরা আয়োজন করেছি সাংবাদিক সম্মেলন।

বিপন্ন উপকূল ও প্রকৃতির খামখেয়ালীর ক্ষেত্রে জাতীয় আবহাওয়া পর্যবেক্ষণকে শক্তিশালী করার জন্য আমরা একটি সুপার কমপিউটারের দাবী তুলেছি এবার। ভারতের প্যারালাল প্রসেসিং (পরম)-এর প্রযুক্তি তুলে ধরে আমরা কমপিউটারে সৃষ্টিশীল নবনির্মাণে সাহস যুগিয়েছি। পাঠক, গ্রাহক, অনুগ্রাহক, পৃষ্ঠপোষকসহ কমপিউটার জগৎ আমাদের এ দেশটিকে একবিংশ শতাব্দীর জন্য প্রস্তুত হবার যে তাগিদ তুলে ধরেছিল ১৪০০ সাল ও ২০০০ সনকে বরণ করার জাতীয় কমিটিগুলির সভায় আজ তার প্রতিধ্বনি শুনে উল্লসিত বোধ করছি আমরা। কেঁদেকেটে কবিতা লিখে একটি শতাব্দী অতিবাহিত করার পর নতুন শতাব্দীকে জ্ঞান-বিজ্ঞান প্রযুক্তি ও নতুন সভ্যতার প্রতিষ্ঠা মহাকাল হিসাবে গ্রহণের যে অঙ্গীকার উঠছে তা যেন কমপিউটার জগতেরই কণ্ঠ। জাতীয় অগ্রযাত্রা ও নবযাত্রার দিশারী হয়ে কমপিউটার জগৎ তৃতীয় বর্ষে পদার্পন করতে যাচ্ছে, এর সবকৃতিত্ব আমাদের জনগণের। আমরা জনগণের মধ্য থেকে উঠে এসেছি, তাদের সাথে আছি, তাদের মাঝেই থাকবো। সত্য, সুন্দর ও সাধনার জয় হোক।

লেখক সম্পাদক : রেজাউল করিম • আবদুল হালিম • গোলাম নবী জুয়েল